



# বাংলা (303)

সময় : 3 ঘণ্টা ]

[ পূর্ণমান : 100

## দ্রষ্টব্য

- (i) এই প্রশ্নপত্রে ‘ক’, ‘খ’ এবং ‘গ’ তিনটি বিভাগ আছে।
- (ii) বিভাগ ‘ক’-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।
- (iii) বিভাগ ‘খ’ এবং বিভাগ ‘গ’-এর যেকোনো একটি বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।
- (iv) বিভাগ ‘ক’-এর মান 85 এবং বিভাগ ‘খ’ অথবা বিভাগ ‘গ’-এর মান 15।

## বিভাগ - ক

- 1 (a) নীচের কাব্যংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 4  
“সদাই ধৈর্যে চাহে মেঘ-পানে  
না চলে নয়ান-তারা  
বিরতি আহারে রাজা বাস পরে  
যেমত যোগিনী-পারা।।”  
অথবা  
“কণ্ঠ আমার রুদ্ধ আজিকে, বাঁশি সংগীত হারা,  
অমাবস্যার কারা  
লুপ্ত করেছে আমার ভুবন দুঃস্বপনের তলে;  
তাই তো তোমায় শুধাই অশ্রুজলে—”
- (b) নীচের অংশটির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন : 2  
“এই পৃথিবীতে এক স্থান আছে—সবচেয়ে সুন্দর করুণ :  
সেখানে সবুজ ডাঙা ভরে আছে মধুকুপী ঘাসে অবিরল;”
- 2 নীচের প্রশ্নগুলির মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর লিখুন : 2×2=4  
(a) মধ্যযুগের কবিতার কিছু ভাষাগত বৈশিষ্ট্য লিখুন? 2  
(b) “নিজ আঁখি নিজ রূপ দেখি সুশোভন।  
আপনার রূপ হেরি যজিল আপন।।”  
—কে নিজের রূপ দেখেছিলেন? নিজের রূপ দেখে নিজেই সজল কেন? 2  
(c) “বরণীয় তারা, স্মরণীয় তারা,”—কারা বরণীয় এবং কেন বরণীয় বলছেন? 2  
(d) “সেই রূপে ভাষা-পথ খননি স্ববলে,”  
—কে পথ খনন করেছিল? ‘ভাষা-পথ’ বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? 2



3 “প্রতিজ্ঞাতে বুক বেঁধে তুই দাঁড়া”—‘প্রতিজ্ঞা’র কথা কেন বলা হয়েছে? 2

4 ‘মহাকাব্যের’ বৈশিষ্ট্যসহ উদাহরণ উল্লেখ করুন? 2

5 “নন্দিত কণ্ঠের হাস্যের দোল”—কি জাতীয় ছন্দ বলুন এবং মাত্রা উল্লেখ করুন? 2

6 কবিতাংশটি পড়ে প্রশ্নের উত্তর লিখুন : 1×4=4

“খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে,

বনের পাখি ছিল বনে।

একদা কী করিয়া মিলন হল দৌঁহে,

কী ছিল বিধাতার মনে।

বনের পাখি বলে, “খাঁচার পাখি ভাই,

বনেতে যাই দৌঁহে মিলে।’

খাঁচার পাখি বলে “বনের পাখি, আয়

খাঁচায় থাকি নিরিবিলে।”

(a) ‘পাখি’র বেঁচে থাকার আদর্শ জায়গা কোনটি বলে আপনার মনে হয় এবং কেন মনে হয়? 1

(b) ‘মিলন’ বলতে কী বোঝাতে চেয়েছেন? 1

(c) ‘বনের পাখি’র উক্তির মধ্য দিয়ে কবি কী বোঝাতে চান? 1

(d) ‘খাঁচার পাখি’র উক্তির মধ্য দিয়ে কবি কী বোঝাতে চান? 1

7 নীচের গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 6

“বিচারকর্তাদিগের সম্মুখে নীত হইলে, তাহারা তাঁহারা এই দণ্ডবিধান করিলেন তোমাকে আমাদের সম্মুখে হাঁটু পাড়িয়া ও বাইবেল স্পর্শ করিয়া কহিতে হইবেক,”

অথবা

“হায়! দরিদ্রের জন্য ব্যথিত হইলে তোমাদের কি কিছু অগৌরব আছে?”



8 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

- (a) পেডুয়াতে গালিলিও কত বৎসর ছিলেন? 1
- (b) “তখন দিব্যকর্ণ প্রাপ্ত হইয়া,”—কে দিব্যকর্ণ প্রাপ্ত হয়েছিল এবং কেন? 2
- (c) “Big eye” বা অনিদ্রা রোগ কেন হয়েছিল? 2
- (d) “কখনো গামছা হয়েছে বৃন্দাবনে?”—এই কথাটি কে বলেছে? এই কথা বলার মধ্য দিয়ে কীসের ইঙ্গিত প্রকাশ পায়? 2

9 নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন :

2

- (a) “মা নিঃশ্বাস ফেলে বললেন—” মায়ের নিঃশ্বাস ফেলাটা কি ঠিক হয়েছিল? আপনার মতের পক্ষে ব্যাখ্যা দিন।
- (b) “রংলাল আনন্দে উচ্ছ্বসিত হইয়া উঠিল।”—রংলালের আনন্দের কারণ কী বলে মনে হয়? রংলালের সমস্যার সমাধান কে করে দিয়েছিল বলে আপনার মনে হয়?

10 নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন :

1×4=4

“আর সবাই তপনের গল্প শুনে হাসে। কিন্তু মেসো বলেন, ‘না-না আমি বলছি-তপনের হাত আছে। চোখও আছে। নচেৎ এই বয়সের ছেলেমেয়েরা গল্প লিখতে গেলেই তো—হয় রাজারাণীর গল্প লেখে, নয় তো—খুন-জখম-অ্যাকসিডেন্ট, অথবা না খেতে পেয়ে মরে যাওয়া, এইসব মালমশলা নিয়ে বসে। তপন যে সেই দিকে যায় নি, শুধু ওর ভর্তি হওয়ার দিনের অভিজ্ঞতা আর অনুভূতির বিষয় নিয়ে লিখেছে, এটা খুব ভালো। ওর হবে।”

- (a) তপনের হাত আছে বলতে কী বোঝাতে চাইছে? 1
- (b) ছোটো ছোটো ছেলেমেয়েরা রাজা-রাণীর গল্প লিখতে ভালোবাসে কেন? 1
- (c) তপন অন্যান্য ছেলেমেয়েদের মতো গল্প লেখেনি কেন? 1
- (d) ‘ওর হবে’ বলতে কী হওয়ার কথা বলা হয়েছে? 1

11 “.... এত বড় গভর্নমেন্ট যেন হিমসিম খেয়ে গেল।”

1+3

—কী কারণের জন্য হিমসিম খেয়ে গেল? ‘হিমসিম’ কথাটির মধ্য দিয়ে লেখক কী বোঝাতে চেয়েছেন?

অথবা

‘তাইরে—নারে—না’—এই উক্তিটি কোথা থেকে নেওয়া হয়েছে? এই উক্তির মধ্য দিয়ে লেখক কী বোঝাতে চেয়েছেন?

1+3



- 12 নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : 1×4=4
- (a) সত্যচরণ কাছারিতে কখন পৌঁছল? 1
- (b) জঙ্গলের ঘরগুলি কেমন তৈরি? 1
- (c) জলাভাব না হওয়ার কারণ কী? 1
- (d) অবিনাশ কেমন মানুষ ছিল বলে আপনার মনে হয়? 1
- 13 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 2×5=10
- (a) নীচের বাংলা শব্দভাণ্ডারের চারটি শ্রেণীর উল্লেখ করা হল। কোন্ শব্দ কোন্ শ্রেণীর বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করুন : ½×4=2  
(শব্দাবলী) : কাঁকন, বকনা, মুনি, গেরস্থ
- (i) তৎসম —————। (ii) তদ্ভব —————।  
(iii) অর্ধতৎসম —————। (iv) দেশি —————।
- (b) প্রত্যয় ভেঙে দেখান (যেকোনো দুটি) : 1×2=2
- (i) নয়ন (ii) গম্য  
(iii) চলন্ত (iv) হিসাবি 2
- (c) নীচের ব্যাসবাক্যকে সমাসবদ্ধ করুন (যেকোনো দুটি) : 1×2=2
- (i) নাই শোক যার (ii) পীত অম্বর যার  
(iii) সূর্যের উদয় (iv) মোহ রূপ পাশ
- (d) অর্থগত দিক দিয়ে নীচের বাক্যগুলি কী জাতীয় লিখুন (যেকোনো দুটি) : 1×2=2  
(নির্দেশক, প্রশ্নবোধক ইত্যাদি)
- (i) ছেলেটিকে মানুষ হতে দাও। (ii) রবীন্দ্রনাথকে কে না জানে?  
(iii) ওর আজ পড়ায় মন বসছে না। (iv) গৌরব রাতে ঘুমোয় না।
- (e) নীচের বাক্যটিকে চলিত ভাষায় পরিবর্তিত করুন : 2  
সমুদ্রে পতিত হইয়াও বারিবিन्दুগণের বিশ্রাম নাই। সূর্যের তেজে উত্তপ্ত হইয়া উর্ধ্ব উড্ডীন হইতেছে।
- 14 নীচের যে কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করুন : 4
- (a) নিজের স্কুলে অবসরপ্রাপ্ত শিক্ষকের দান—এই বিষয় অবলম্বন করে একটি প্রতিবেদন রচনা করুন।
- (b) সংবাদপত্রের স্বাধীনতা বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন।



- 15 বুনবুনওয়াল দেশে ধনী ব্যবসায়ী। গরীব মানুষদের কোনো দিন সাহায্য করেনি। 2  
বড়োলোকদের পেছনে অটেল অর্থ ব্যয় করে। তা দেখে আপনার প্রতিক্রিয়া কী হল  
অনধিক ৪০ (৪০)টি শব্দে লিখুন।

অথবা

একজন শিকারী বনে ঢুকে নির্বিচারে পাখি শিকার করছে। তা দেখে আপনার প্রতিক্রিয়া  
কী হল অনধিক ৪০ (৪০)টি শব্দে লিখুন।

- 16 নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×3=3

বাসুদেব শাস্ত্রী ধীরে ধীরে পেয়াদাকে বললেন, রাজার কাছে আমার তো চাইবার কিছু  
নেই। তাছাড়া রাজা হলেন সমাজের সেবক, সমাজের মঙ্গলবিধান তাঁর পবিত্র কর্তব্য।  
আমি তাঁকে তোষামোদ করে, সেলাম ঠুকে আত্মমর্যাদা নষ্ট করতে পারব না।

- (a) কী চাওয়ার ছিল? 1  
(b) বাসুদেব শাস্ত্রী কেন চাইলেন না? 1  
(c) ‘পবিত্র কর্তব্য’ বলতে কী বোঝাতে চাইছেন? 1

- 17 নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : 4

- (a) হলুদবাড়ী অঞ্চলে কৃষক আছেন ৪০%, ক্ষেত-মজুর আছেন ৪০%, চাকুরিজীবী  
আছেন ৫% এবং শিক্ষার্থী আছেন ১৫%। একটি পাই চার্ট (Pie Chart)-এর সাহায্যে  
উল্লেখ করুন।  
(b) কমলালেবুর জুস তৈরির প্রক্রিয়া FLOW CHART-এর সাহায্যে তুলে ধরুন।

- 18 নীচের যে কোনো একটি বিষয়ে নিবন্ধ রচনা করুন : 8

- (a) বৃক্ষরোপণ।  
(b) আমার প্রিয় লেখক।  
(c) ড্রাগের নেশা সর্বনাশ।  
(d) বিজ্ঞান সাধনায় ভারত।



19 চিঠি লেখার রীতি মেনে যে কোনো বিষয় অবলম্বনে একটি চিঠি লিখুন : 4

আপনার বাইসাইকেলটি চুরি গেছে — এই বিষয়ে থানায় একটি অভিযোগপত্র জমা দিতে হবে। — এই বিষয়ে পত্র রচনা করুন।

অথবা

একটি প্রাচীন রাজপ্রাসাদের ভগ্নাবশেষে কিছুক্ষণ কাটানোর অভিজ্ঞতা বর্ণনা করে আপনার বন্ধুকে একটি পত্র লিখুন।

20 নীচের কবিতাংশ বা গদ্যাংশের সংক্ষিপ্তসার লিখুন : 3

হে মহাজীবন, আর এ কাব্য নয়  
এবার কঠিন কঠোর গদ্য আনো,  
পদ-লালিত্য-ঝংকার মুছে যাক  
গদ্যের কড়া হাতুড়িকে আজ হানো।  
প্রয়োজন নেই কবিতার স্নিগ্ধতা—  
কবিতা তোমায় দিলাম আজকে ছুটি,  
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময় :  
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রঙটি।

অথবা

কবি এই বিশ্ব জগতে তাঁহার হৃদয়ের দৃষ্টি দিয়া একটি অপরূপকে দেখিতে পান, তাকেই তিনি রূপের মধ্যে প্রকাশের চেষ্টা করেন। আমার দেখা যেখানে ফুরাইয়া যায় সেখানেও তাঁহার ভাবের দৃষ্টি অবরুদ্ধ হয় না। সেই অপরূপ দেশের বার্তা তাঁহার কাব্যের ছন্দে ছন্দে নানা আভাসে জাগিয়া উঠিতে থাকে। বৈজ্ঞানিকের পস্থা স্বতন্ত্র হইতে পারে, কিন্তু কবিত্ব সাধনার সহিত তাহার ও সাধনার ঐক্য আসে দৃষ্টির আলোক যেখানে শেষ হইয়া যায় সেখানেও তিনি আলোকের অনুসরণ করিয়া থাকেন, শ্রুতির শক্তি যেখানে সুরের শেষসীমায় সেখান হইতেও কম্পমান বাণী আনয়ন করিয়া আনেন, প্রকাশের অতীত যে রহস্য প্রকাশের আড়ালে বসিয়া দিবারাত্র কাজ করিতেছে, বৈজ্ঞানিক তাহাকেও প্রশ্ন করিয়া উত্তর বাহির করিতেছেন এবং সেই উত্তরকেই মানবভাষায় যথাযথ ব্যক্ত করিতে নিযুক্ত আছেন।



বিভাগ - খ  
(ঐচ্ছিক বিষয়)  
(পর্যটন)

- 21 গোবি মরুভূমিতে কে পৌঁছেছিলেন? 1
- 22 মুনি-ঋষিরা ধ্যানমগ্ন হওয়ার কারণ কী ছিল? 1
- 23 জানুয়ারীতে শ্রীনগরের তাপমাত্রা কত হয়? 1
- 24 পর্যটন দেশের অর্থনৈতিক শ্রীবৃদ্ধিতে কী কী ভাবে সাহায্য করে? ব্যাখ্যা করুন। 4
- 25 পরিবহন পর্যটন কয় প্রকার ও কী কী? তাদের সম্পর্কে সংক্ষিপ্ত ব্যাখ্যা করুন। 2+6=8

বিভাগ - গ  
(ঐচ্ছিক বিষয়)  
(গণজ্ঞাপন)

- 21 জ্ঞাপন কাকে বলে? জ্ঞাপন ও গণজ্ঞাপন-এর পার্থক্য নিরূপণ করুন। 1+2=3
- 22 ভারতে প্রথম সংবাদপত্রের নাম কী? ভারতে সাংস্কৃতিক জাগরণে সংবাদপত্রের ভূমিকা উল্লেখ করুন। 1+2=3
- 23 সংবাদপত্রের ভালো গুণগুলি কী কী? প্রত্যেকটি বিশ্লেষণ করুন। 3
- 24 চিরাচরিত গণমাধ্যম আপনি কী পছন্দ করেন? কেন পছন্দ করেন ব্যাখ্যা করুন। 3
- 25 বেতারের সীমাবদ্ধতাগুলি সংক্ষেপে লিখুন। 3

